রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৫ সনের ১৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৬, ২০১৫

সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৫১—২৫২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৫০৭—৫২৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬০৩—৬০৪ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৯ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ............................তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**মুদ্রণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ চৈত্র ১৪২১/৬ এপ্রিল ২০১৫

**নং ০৫.০০.০০০০.১২০.০৪.০০৮.১৪-৭৯**—যেহেতু, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক/শিক্ষিকা নিয়োগ পরীক্ষা ২০১০ এর প্রশ্নপত্র ফাঁসের সাথে জড়িত থাকার অভিযোগে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরাধীন বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়ের সহকারী পরিচালক খন্দকার মোহাম্মদ আলী পুলিশ কর্তৃক গ্রেফতার হন। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক খন্দকার মোহাম্মদ আলীর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং বিভাগীয় মামলার সকল ধাপ যথাযথভাবে সম্পন্ন করে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হয়। উক্ত অব্যাহতি প্রদানের আদেশকে জনাব মো: শাহ-ই-আলম পাটোয়ারী, সহকারী পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা "জাতির সাথে প্রতারণা এবং রাষ্ট্রদ্রোহিতার শামিল" মন্তব্য করেন। তিনি "জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জালিয়াতির মাধ্যমে সাজানো বিভাগীয় মামলা হতে অব্যাহতি" মর্মেও মন্তব্য করেন। এছাড়াও উর্ধ্বতন কর্তৃপক্ষের বিরুদ্ধে অসত্য, বানোয়াট ও ভিত্তিহীন অভিযোগ এনে ঔদ্ধত্য প্রদর্শন করায় জনাব মো: শাহ-ই-আলম পাটোয়ারীর বিরুদ্ধে "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫" এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৫-১২-২০১৪ তারিখের ০৫.০০.০০০০.১২০.০৪.০০৮.১৪-২৬৩ স্মারকমূলে তার কৈফিয়ত তলব করা হয়;

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মুহাম্মাদ আল-আমীন (যুগ্মসচিব), উপপরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, তিনি ২০-০১-২০১৫ তারিখ কৈফিয়ত তলবের জবাব প্রদান করেন। লিখিত জবাবে তিনি ব্যক্তিগত শুনানী চাননি;

যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে প্রস্তুতকৃত অভিযোগনামা, অভিযোগ বিবরণী, নথি ও রেকর্ডপত্র পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ প্রমাণিত হয়েছে। এ কারণে তিনি “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫” এর ৩(বি) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর দায়ে দোষী;

সেহেতু, জনাব মোঃ শাহ-ই-আলম পাটোয়ারী, সহকারী পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা এর বিরুদ্ধে “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫” এর ৩(বি) বিধি মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(বি) অনুযায়ী তাঁর ১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ১ (এক) বছরের জন্য স্থগিত রাখার (Withholding of one increment for one year) লঘুদণ্ডে দণ্ডিত করা হল। ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

জনস্বার্থে এ আদেশ জারী করা হল। আদেশ জারীর তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।